দৈনিক ইত্তেফাক

তারিখ 2 3 MAR 1996

পৃষ্ঠা ৩ কলাম ১

## স্কুল-কলেজের শিক্ষাক্রমে কারবালার ইতিহাস অন্তর্ভুক্ত করার দাবী

আশুরা উদযাপন কমিটির উদ্যোগে গত মঙ্গলবার ইসলামিক ফাউণ্ডেশন মিলনায়তনে ইমাম হোসেনের আন্দোলনের দর্শন শীর্ষক সেমিনারের আয়োজন হয়। উদ্বোধন করেন শিক্ষা সংস্কৃতি যুব ও ক্রীড়াবিষয়ক উপদেষ্টা প্রফেসর এম. শামসুল হক। বিকালের অধিবেশনে প্রধান অতিথি ছিলেন জাতীয় অধ্যাপক দেওয়ান মোহাম্মদ আজরফ। সকাল ও বিকা-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

### স্কুল কলেজের

( ৩য় পৃঃ পর )

লের দুই অধিবেশনে, সভাপতি, বিশেষ অতিথি ও আলোচকদের মধ্যে ছিলেন ইসলামিক ফাউণ্ডেশনের মহাপরিচালক সৈয়দ আশরাফ আলী, ইরানী রাষ্ট্রদূত মাহমুদ বয়াত, প্রফেসর আব্দুল মান্নান খান, মাওলানা আবদুল কাহহার সিদ্দিকী, বিচারপতি সিদ্দীক আহমেদ চৌধুরী, ডঃ আশরাফ সিদ্দিকী ও ডঃ খন্দকার নিজাম উদ্দিন। সেমিনারে বলা হয় সঙ্গি সাথীসহ আত্মোৎসর্গ করিয়া ইমাম হোসেন অনাগতকালের মানুষের জন্য এক দিকনির্দেশনা রাখিয়া গিয়াছেন। স্কুল ও কলেজের শিক্ষাক্রমে ইমাম হোসেনের শাহাদাৎবরণের ইতিহাস অন্তর্ভুক্ত করার দাবী জানান হয়।

—প্রেস বিজ্ঞপ্তি